সমকাল

তারিখ ... 08 AUG 2015...
পৃষ্ঠা ...৩... কলাম...২......

ছাত্রদলের সমাবেশ

# জাতীয় প্রেস ক্লাব এলাকায় ১০ নেতাকর্মী আটক

■ সমকাল প্রতিবেদক

ঢাকা জেলা ছাত্রদলের সমাবেশে যোগ দিতে আসা ১০ নেতাকর্মীকে গতকাল শুক্রবার জাতীয় প্রেস ক্লাবের সামনে থেকে আটক করেছে পুলিশ। বিএনপির যুগ্ম-মহাসচিব আমানউল্লাহ আমান ও ছাত্রদল সভাপতি রাজীব আহসানসহ কারাবন্দি নেতাকর্মীদের মুক্তির দাবিতে প্রেস ক্লাব মিলনায়তনে ওই সমাবেশের আয়োজন করা হয়। আটকদের বিরুদ্ধে নাশকতাসহ বিভিন্ন অভিযোগে মামলা রয়েছে বলে জানায় পুলিশ।

শাহবাগ থানার ওসি আবু বক্কর সিদ্দিক সমকালকে বলেন, আটকরা তাদের নিজ নিজ এলাকায় যানবাহনে ভাংচুর-অগ্নিসংযোগসহ বিভিন্ন মামলায় অভিযুক্ত বলে তথ্য রয়েছে। সংশ্লিষ্ট থানা পুলিশ এ ব্যাপারে জানিয়ে ব্যবস্থা নেওয়ার অনুরোধ করে। এর ভিত্তিতে তাদের আটক করা হয়। তাদের অপরাধ সংশ্লিষ্টতার বিষয়টি যাচাই-বাছাই করে দেখা হচ্ছে।

আটকদের মধ্যে পাঁচজন ছাত্রদলের কর্মী বলে সংগঠনের পক্ষ থেকে দাবি করা হলেও পুলিশ বলছে, তারা কেউ ছাত্রদলের নেতাকর্মী নয়, আমানউল্লাহ আমানের সমর্থক। এক বিবৃতিতে নেতাকর্মীদের আটকের নিন্দা ও তাদের মুক্তি দাবি করে ছাত্রদল।

এদিকে প্রেস ক্লাব মিলনায়তনে আয়োজিত সমাবেশে বিএনপির স্থায়ী কমিটির সদস্য লেফটেন্যান্ট জেনারেল (অব.) মাহবুবুর রহমান বলেন, ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## জাতীয় প্রেস ক্লাব

[তৃতীয় পৃষ্ঠার পর]

'সরকার শিশুদের নিরাপত্তা দিতে পারে না, সুশাসন দিতে পারে না। কারণ তারা সমাজ ব্যবস্থাসহ সবকিছু ধ্বংস করে ফেলেছে।'

মাহবুবুর রহমান দলীয় নেতাকর্মীদের উদ্দেশে বলেন, 'আমাদের বাঁচতে হবে। কথা বলার এবং গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে আনতে হবে। এ জন্য সংগ্রামের কোনো বিকল্প নেই।'

নেতাকর্মীদের সমাবেশে আসতে বাধা দেওয়া হয়েছে বলে অভিযোগ করেন তিনি। জাতীয় প্রেস ক্লাবের সবক'টি গেটে তালা দেওয়া হয় বলে অভিযোগ করে তিনি বলেন, এটা তো কোনো গণতন্ত্র নয়, গণতন্ত্রের চর্চাও নয়। অথচ গণতন্ত্রের জন্য দেশ স্বাধীন হয়েছে।

ঢাকা জেলা ছাত্রদল সভাপতি রেজাউল করিম পলের সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন ঢাকা জেলা বিএনপির সভাপতি ও চেয়ারপারসনের উপদেষ্টা আবদুল মান্নান, কেন্দ্রীয় নেতা হাবীবুর রহমান হাবীব, শিরিন সুলতানা, মুস্তাফিজুর রহমান বাবুল প্রমুখ। এ ছাড়া জাগপা সাধারণ সম্পাদক খন্দকার লুৎফর রহমান, ডেমোক্রেটিক লীগের সাধারণ সম্পাদক সাইফুদ্দিন আহম্মেদ মনিও বক্তব্য রাখেন।